

ঢাকা ওয়াসা

ক্রঃনং-১ঃ
ক্রঃনং-২ঃ
ক্রঃনং-৩ঃ
ক্রঃনং-৪ঃ

চাহিদাপত্র।
২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত কর্ম-পরিকল্পনা।
ক্যালকুলেশন।
প্রাক্কলন।

বিষয়ঃ Reconstruction of Mirhazaribag DTW compound, Sayedabaad terminal DTW compound & South komlapur DTW compound with ancillary works under MODS zone-1, Dhaka WASA. প্রসংগে।


০১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মড্‌স জোন-০১ এর আওতাধীন মিরহাজারিবাগ-১, সায়েদাবাদ বাস টার্মিনাল ও দক্ষিণ কমলাপুর পানির পাম্পের পাম্প হাউজ ও সীমানা প্রাচীর মেরামতের জন্য মড্‌স জোন-০১ হতে চাহিদাপত্র প্রেরণ করেছে (ক্রমিক নং-১)। উক্ত চাহিদার প্রেক্ষিতে মড্‌স জোন-১ এর উল্লেখিত মিরহাজারিবাগ-১, সায়েদাবাদ বাস টার্মিনাল ও দক্ষিণ কমলাপুর পানির পাম্প সমূহ সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে পানির পাম্প কম্পাউন্ড সমূহে বিদ্যমান পাম্প হাউজটি অত্যন্ত জরাজীর্ণ অবস্থায় রয়েছে, সিলিং ও দেয়ালের প্লাস্টার খসে পড়ছে, পাম্প হাউজের ছাদ দিয়ে পানি পড়ে ও টয়লেটটি অত্যন্ত জীর্ণ অবস্থায় রয়েছে। সীমানা দেয়াল ও পাম্প কম্পাউন্ড বিদ্যমান পারিপার্শ্বিক এবং সংলগ্ন রাস্তা এর তুলনায় নীচু হয়ে গেছে। পাম্প সমূহের বর্তমান অবস্থায় পাম্প হাউজে বিদ্যমান বিভিন্ন যন্ত্রপাতি ও দায়িত্ব পালনকারী অপারেটরদের জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ। নিরাপত্তা নিশ্চিতকরণের স্বার্থে উক্ত কম্পাউন্ড সমূহের কাঁটাতারের বেড়াসহ পাম্পের সীমানা দেয়াল উঁচু করতে হবে, পাম্প হাউজের মেরামত কাজ করতে হবে এবং বালি ভরাটের মাধ্যমে পাম্প কম্পাউন্ড উঁচু করতে হবে।


০২। অনুচ্ছেদ ১ এর বর্ণনার আলোকে উপরোল্লিখিত কাজগুলি করার জন্য PWD rate schedule-২০২২ ও প্রচলিত বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হল। প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৳ ২৪,৮৪,৭২০.১৩৮ (চব্বিশ লক্ষ চুরাশি হাজার সাতশত বিশ দশমিক এক তিন আট মাত্র) টাকা। আলোচ্য কাজটির ব্যয় নির্মাণ (সিভিল) বিভাগের ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার অফিস ভবন নির্মাণ খাত ক্রমিক নং- A2-17 হতে নির্বাহ করা হবে। কাজটি শেষ হওয়ার পর তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এস.এম.ডব্লিউ.সি সার্কেল মহোদয় কর্তৃক পরিদর্শন করানো হইবে এবং পরিদর্শনান্তে চূড়ান্ত করা হইবে।


০৩। আলোচ্য কাজটি PPA-06, এবং PPR-08, BPR অনুসরণে e-GP তে Limited Tendering Method (LTM) এ সম্পাদনের লক্ষ্যে e-Standard Tender Document (e-STD) PW2b অনুযায়ী দরপত্র দলিলের Section-2: TDS ও Section-4: PCC নিম্নরূপে পূরণ করা হয়েছে।


Section – 2: Tender Data Sheet	
Clause Reference	Description
ITT 1.1	The Procuring Entity is Executive Engineer, Civil Construction Division. Dhaka WASA.
ITT 4.1(a)	Tenderers possessing updated valid enlistment (Civil) under Dhaka WASA are eligible to participate in the Procurement process.
ITT 9.1	The minimum amount of liquid assets i.e. working capital or credit line(s) of the Tenderer shall be Tk. 11,00,000.00 (Eleven Lakh only).
ITT 19.1	The Tender Validity period shall be 120 (One hundred twenty) days.
ITT 20.2	The Tender Security Shall be BDT 45,000.00 (Forty Five Thousand Only).
ITT 38.1	The amount of Performance Security shall be 5.00% (five percent) of the Contract Price.
Section – 4: Particular Condition of Contract	
GCC 1 (s)	The Project Manager is: Executive Engineer, Civil Construction Division, Dhaka WASA. Authorized Representative: SDE/AE/SAE of Civil construction Division, DWASA Address: WASA Bhaban, 98 Kazi Nazrul Islam Avenue, Dhaka 1215.
GCC 11.1	The Intended Completion Date for the whole of the Works shall be 90 (Ninety) days from the start Date or As per Direction of the Project Manager.
GCC 19.1	The Defects Liability Period is 12 (Twelve) months.

০৪। এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে Reconstruction of Mirhazaribag DTW compound, Sayedabaad terminal DTW compound & South komlapur DTW compound with ancillary works under MODS zone-1, Dhaka WASA. কাজটি e-Government procurement (e-GP) এর মাধ্যমে Limited Tendering Method (LTM) এ সম্পাদনের নিমিত্তে ৬ ২৪,৮৪,৭২০.১৩৮ (চব্বিশ লক্ষ চুরাশি হাজার সাতশত বিশ দশমিক এক তিন আট মাত্র) টাকার প্রাক্কলনটি সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।



২৬/০৭/২৬


২৩/৭/২৩
মনজুরুল হাসান
সহকারী প্রকৌশলী
নির্মাণ (সিভিল) বিভাগ
ঢাকা ওয়াসা।


২৪/৭/২৬
সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
নির্মাণ (সিভিল) বিভাগ
ঢাকা ওয়াসা।


২৪/০৭/২৬
মোঃ ইকবাল আহমেদ মজুমদার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ. সি সার্কেল,
ঢাকা ওয়াসা।




O.K.

২৫/৭/২৩
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।